# এমএড প্রোগ্রাম

**(Master of Education Program)**

# ছাত্র নির্দেশিকা

# (Student Guide)

## স্কুল অব এডুকেশন

## বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

**প্রিয় শিক্ষার্থী**

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্কুল অব এডুকেশন ১৯৯৯ শিক্ষাবর্ষ থেকে এমএড প্রোগ্রাম পরিচালনা করছে। এ প্রোগ্রাম সংক্রান্ত যাবতীয় প্রয়োজনীয় তথ্য এই নির্দেশিকায় সন্নিবেশিত করা হল। অনুগ্রহপূর্বক ধৈর্য সহকারে প্রত্যেকটি অংশ পড়ুন।

ছাত্র নির্দেশিকাটি যত্ন সহকারে ব্যবহার ও সংরক্ষণ করবেন। ভর্তি প্রক্রিয়ার বিভিন্ন পদক্ষেপ ও বিস্তারিত পাঠ্যসূচিসহ এতে রয়েছে স্কুল অব এডুকেশন, শিক্ষার্থী সহায়ক বিভাগ, পরীক্ষা বিভাগসহ যে কোন বিভাগের সঙ্গে যোগাযোগের প্রয়োজনীয় ঠিকানা। আপনার মনে যখন যে বিষয়ে প্রশ্ন দেখা দেবে এই ছাত্র নির্দেশিকার সূচিপত্র অনুসারে সংশ্লিষ্ট অংশটি খুলে মনোযোগ সহকারে পড়বেন। প্রয়োজনবোধে এ সকল বিষয়ে কোর্স টিউটর কিংবা সহপাঠীদের সঙ্গেও আলাপ করতে পারেন।

যুগোপযোগী একটি শিক্ষা বিষয়ক প্রোগ্রাম প্রবর্তনের মাধ্যমে বাংলাদেশের সামগ্রিক শিক্ষা ব্যবস্থায় অগ্রণী ভূমিকা পালন করা স্কুল অব এডুকেশন-এর এমএড প্রোগ্রামের মূখ্য উদ্দেশ্য।

মনে রাখবেন, স্কুল অব এডুকেশন একাডেমিক কাউন্সিলের অনুমোদনক্রমে এমএড প্রোগ্রামের কোন বিশেষ অংশের পরিবর্তন/পরিমার্জন করতে পারে। তবে, যে কোন পরিবর্তন সম্পর্কে আপনাদের যথাসময়ে অবহিত করা হবে।

সমন্বয়কারী
এমএড প্রোগ্রাম

ডিন
স্কুল অব এডুকেশন

# সূচিপত্র


| | |
|---|---|
| অধ্যায় ১: এমএড প্রোগ্রাম পরিচিতি ও ভর্তি সংক্রান্ত তথ্য | ১ |
| এমএড প্রোগ্রাম | ১ |
| এমএড প্রোগ্রামের উদ্দেশ্য | ১ |
| শিক্ষাবর্ষ | ১ |
| মেয়াদ | ১ |
| অনলাইনে আবেদন ও ভর্তি প্রক্রিয়া | ১ |
| প্রয়োজনীয় কোডসমূহ | ২ |
| প্রার্থী নির্বাচন প্রক্রিয়া | ৩ |
| নির্বাচিত প্রার্থীদের তালিকা | ৪ |
| রেজিস্ট্রেশন | ৪ |
| এমএড প্রোগ্রামের প্রদেয় ফি | ৪ |
| কোর্স ফি-এর বিনিময়ে প্রাপ্য সুবিধাবলি | ৫ |
| অধ্যায় ২: সিমেস্টার, শিক্ষাক্রম ও কোর্সসূচি | ৬ |
| সিমেস্টার | ৬ |
| কোর্সসমূহ | ৬ |
| পাঠসামগ্রী গ্রহণ | ৭ |
| TMA জমাদান | ৭ |
| অধ্যায় ৩: এমএড শিক্ষা ব্যবস্থা সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য | ৮ |
| টিউটোরিয়াল ব্যবস্থা | ৮ |
| TMA বা এ্যাসাইনমেন্ট কী | ৮ |
| মূল্যায়ন পদ্ধতি | ৮ |
| পরীক্ষার বিবরণ | ৯ |
| বেতার ও টেলিভিশনের মাধ্যমে অনুষ্ঠান প্রচার | ১০ |

ফল প্রকাশ ১০
ডিগ্রি প্রদান ১০
একাডেমিক পরামর্শ ও নির্দেশনা ১০
স্কুল অব এডুকেশন-এর সঙ্গে যোগাযোগের ঠিকানা ১১

অধ্যায় ৪: বিভিন্ন ঠিকানা ১২
স্টাডি সেন্টারের ঠিকানা ১২
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের আঞ্চলিক কেন্দ্রসমূহের ঠিকানা ১৩
অনুমোদিত ব্যাংকের শাখাসমূহের ঠিকানা ১৪
অধ্যায় ৫: পরিচিতিমূলক তথ্য ১৫
উন্মুক্ত শিক্ষা ১৫
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ১৬
স্কুল অব এডুকেশন ১৬

# অধ্যায় ১: এমএড প্রোগ্রাম পরিচিতি ও ভর্তি সংক্রান্ত তথ্য

## এমএড প্রোগ্রাম

এমএড একটি উচ্চতর পেশাগত ডিগ্রি। শিক্ষা ও শিক্ষণীয় বিষয়ে বিশেষজ্ঞ তৈরির উদ্দেশ্যে এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের উচ্চতর ডিগ্রি প্রদানের লক্ষ্যে স্কুল অব এডুকেশন 'মাস্টার অব এডুকেশন' (এমএড) প্রোগ্রাম চালু করেছে।

## প্রোগ্রামের সংক্ষিপ্ত নাম
## মাস্টার অব এডুকেশন (এমএড)

## এমএড প্রোগ্রামের উদ্দেশ্য

এমএড প্রোগ্রামের প্রধান উদ্দেশ্য হল:

- শিক্ষায় উচ্চতর ডিগ্রি অর্জনের মাধ্যমে দক্ষ জনশক্তি সৃষ্টি করা।
- শিক্ষার সার্বিক মান উন্নয়নের লক্ষ্যে প্রযুক্তি সহায়ক আধুনিক ও আন্তর্জাতিক মানসম্পন্ন শিক্ষা ধারণা অর্জনে সহায়তা করা।
- শিক্ষা ও শিক্ষণীয় বিষয়ে বিশেষজ্ঞ তৈরি করা। জাতীয় পর্যায়ে শিক্ষা বিষয়ক নীতি এবং পরিকল্পনা নির্ধারণে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের দক্ষতা বৃদ্ধি।

## শিক্ষাবর্ষ

প্রতি শিক্ষাবর্ষের জুন মাসে এমএড প্রোগ্রামে শিক্ষার্থী ভর্তি করা হয়।

## মেয়াদ

১ বছর (২ সিমেস্টার, প্রতি সিমেস্টারের মেয়াদ ৬ মাস)।

## অনলাইনে আবেদন ও ভর্তি প্রক্রিয়া

❑ **ভর্তির ন্যূনতম যোগ্যতা:** অনুমোদিত বিশ্ববিদ্যালয় থেকে বিএড/ডিপ-ইন-এড/ বিএজিএড/বেল্ট/বিপিএড/ডিপিএড বা সমমানের ডিগ্রিসহ ন্যূনতম স্নাতক ডিগ্রি।

❑ **অনলাইনে ভর্তির আবেদন জমাদান:** সকল প্রার্থীকে অবশ্যই অনলাইনে ভর্তির আবেদন করতে হবে।

❑ **অনলাইনে আবেদনের প্রক্রিয়া:**

- আবেদনকারীর স্বাক্ষর (৩০০×১০০ সাইজ) এবং সদ্য তোলা ছবি (৩০০×৩০০ সাইজ) স্ক্যান করুন।

- 01756-045166 নম্বরে ৫০০/- (পাঁচশত) টাকা (ভর্তির আবেদন ফি) +Transaction Charge বিকাশ দিয়ে Payment করুন। বিকাশ নম্বর এবং Transaction ID সংরক্ষণ করুন।
- 01786-5249175 নম্বরে শিওরক্যাশ এবং DBBL-এ রকেট এর মাধ্যমেও ৫০০/- (পাঁচশত) টাকা+Transaction Charge প্রদান করে ভর্তির আবেদন করা যাবে।
- আপনার ব্রাউজারে osaps.bou.edu.bd লিখে Enter করুন।
- স্কুল অব এডুকেশন অর্থাৎ SOE-এর উপর ক্লিক করুন।
- Master of Education (M.Ed)-এর উপর ক্লিক করুন।
- অনলাইনে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী আবেদন প্রক্রিয়া সম্পন্ন করুন।

## ❑ মৌখিক পরীক্ষার প্রবেশপত্র প্রাপ্তি:

১. অনলাইনে মৌখিক পরীক্ষার প্রবেশপত্র সংক্রান্ত SMS পাওয়া যাবে।
২. আপনার ব্রাউজারে osaps.bou.edu.bd লিখে ক্লিক করুন।
৩. Login-এর উপর ক্লিক করে আপনার User ID এবং Password লিখে Enter করুন।
৪. আপনার প্রবেশপত্র প্রিন্ট করুন যা মৌখিক পরীক্ষার সময় অবশ্যই সাথে আনতে হবে।

## প্রাথমিক তালিকা প্রকাশ ও মৌখিক পরীক্ষা গ্রহণ:

- শিক্ষাগত যোগ্যতা এবং বয়সভিত্তিক পয়েন্টের ভিত্তিতে মৌখিক পরীক্ষার জন্য আবেদনকারীদের প্রাথমিক তালিকা বাউবি'র ওয়েবসাইটে প্রকাশ করা হবে।
- প্রাথমিক তালিকায় নির্বাচিত প্রার্থীদের মোবাইল SMS-এর মাধ্যমে জানানো হবে। বাউবি'র ওয়েবসাইটে (www.bou.edu.bd) মৌখিক পরীক্ষার তারিখ ও স্থানসহ বিস্তারিত নিদের্শনা পাওয়া যাবে।

❑ আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রের ঠিকানা ও ফোন নম্বরসমূহ এবং ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য বিশ্ববিদ্যালয়ের Website(www.bou.edu.bd)-এ পাওয়া যাবে।
**বিশেষ নির্দেশনা:** কোন আবেদকারীর ভর্তির আবেদনে প্রদত্ত কোন তথ্য ভুল প্রমাণিত হলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

❑ ভর্তি বিজ্ঞপ্তিতে উল্লিখিত যে কোন তথ্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংশোধন, সংযোজন, পরিমার্জন এবং পরিবর্তন করতে পারবে। বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্ত এবং সংশ্লিষ্ট বিধি-বিধান সকল আবেদনকারীর জন্য প্রযোজ্য হবে।

## প্রয়োজনীয় কোডসমূহ

অত্যান্ত মনোযোগসহকারে নিচের ছকগুলো পড়ুন এবং প্রতিটি ক্ষেত্রে আপনার পূরণকৃত ফরমে সঠিক কোড চিহ্নিত করুন।

| এমএড প্রোগ্রাম কোড ০২ |
|---|

## প্রার্থী নির্বাচন প্রক্রিয়া

প্রার্থী নির্বাচনে নিম্নোক্ত নিয়মে পয়েন্ট গণনা করা হয়!

### ক. সাধারণ শিক্ষা

**মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, স্নাতক, স্নাতকোত্তর পরীক্ষায় পাশের ক্ষেত্রে পয়েন্ট গণনার ছক:**

| সার্টিফিকেট/ ডিগ্রি | ডিভিশন/ক্লাশ-এর ক্ষেত্রে পয়েন্ট | | | গ্রেডিং-এর ক্ষেত্রে পয়েন্ট | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ম | ২য় | ৩য় | ৫.০ স্কেল | | | ৪.০০ স্কেল | | | |
| | | | | ৪.৫ – ৫.০ | ৪.০ –৪.৪৯ | ৩.০ –৩.৯৯ | ৩.৭৫ – ৪.০০ | ৩.২৫ – ৩.৭৪ | ২.৭৫ – ৩.২৪ | ২.৭৫-এর নিচে |
| এসএসসি বা সমমান | ৫ | ৩ | ১ | ৫ | ৩ | ১ | - | - | - | - |
| এইচএসসি | ৫ | ৩ | ১ | ৫ | ৩ | ১ | - | - | - | - |
| স্নাতক | ৭ | ৫ | ৩ | - | - | - | ৭ | ৫ | ৩ | ২ |
| স্নাতক সম্মান | ৮ | ৬ | ৪ | - | - | - | ৮ | ৬ | ৪ | ৩ |
| স্নাতকোত্তর | ১ | ১ | ১ | - | - | - | ১ | ১ | ১ | ০ |

- একাধিক বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি থাকলে একবারই পয়েন্ট গণনা করা হবে।

### খ. শিক্ষা বিষয়ক ডিগ্রি

- বিএড/ডিপ-ইন-এড/বিএজিএড/বেল্ট/বিপিএড/ডিপিএড/সমমানের শিক্ষা ডিগ্রিধারীদের ক্ষেত্রে পয়েন্ট গণনার ছক:

| শ্রেণি/বিভাগ | পয়েন্ট |
|---|---|
| | বিএড/ডিপ-ইন-এড/বিএজিএড/বেল্ট/বিপিএড/ডিপিএড/সমমান |
| প্রথম | ৩ |
| দ্বিতীয় | ২ |
| তৃতীয় | ১ |

### গ. বয়সভিত্তিক পয়েন্ট গণনা

এমএড প্রোগ্রামে প্রতি শিক্ষার্থীর বয়স ÷ ১০ এই নিয়মে বয়সের পয়েন্ট গণনা করা হবে। ভগ্নাংশ বৎসরের ক্ষেত্রে ৬ মাস বা তার অধিক মাস পরবর্তী পূর্ণ বৎসর হিসেবে গণনা করা হবে। যেমন ৩৫ বৎসর ৬ মাস ৫ দিন = ৩৬ বৎসর = ৩.৬ পয়েন্ট হবে।

## নির্বাচিত প্রার্থীদের তালিকা

ভর্তির জন্য আবেদনকারীদের মধ্য থেকে নির্বাচিত প্রার্থীদের তালিকা বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের আঞ্চলিক কেন্দ্রসমূহে এবং বাউবি'র ওয়েবসাইটে নির্দিষ্ট তারিখে (ভর্তি বিজ্ঞপ্তি দ্রষ্টব্য) প্রকাশ করা হবে।

## রেজিস্ট্রেশন

- রেজিস্ট্রেশন ফরম ও ভর্তি কার্ড আঞ্চলিক কেন্দ্র থেকে সংগ্রহ করতে হবে।
- নির্বাচিত প্রার্থীকে রেজিস্ট্রেশন ফরম পূরণের নিয়ম আঞ্চলিক কেন্দ্র থেকে জেনে নিতে হবে।
- রেজিস্ট্রেশনের জন্য শিক্ষার্থী তার নির্দিষ্ট আঞ্চলিক কেন্দ্রে নির্দিষ্ট তারিখে ব্যক্তিগতভাবে উপস্থিত থেকে নির্ধারিত শিক্ষার্থী কার্ড ও ছাত্র নির্দেশিকার শেষে দেওয়া রেজিস্ট্রেশন ফরম পূরণ করবেন।
- রেজিস্ট্রেশনের সময় প্রার্থীকে নিম্নোক্ত কাগজপত্র পেশ করতে হবে:
  - সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্রসহ একটি করে সত্যায়িত কপি (রেজিস্ট্রেশনের পরে মূল সনদপত্র ফেরত দেওয়া হবে)।
  - ব্যাংক ফি জমা দেওয়ার রশিদ।
  - আবেদনপত্রের ক্রমিক সংখ্যা সম্বলিত প্রাপ্তি রশিদ।

## এমএড প্রোগ্রামের প্রদেয় ফি

| ফি'র খাতসমূহ | নির্ধারিত ফি | ১ম সিমেস্টার | ২য় সিমেস্টার |
|---|---|---|---|
| ছাত্র নির্দেশিকা ও ভর্তি ফরম/ আবেদনপত্র ফি | ৫০০.০০ | - | - |
| কোর্স ফি (প্রতি কোর্স) | ১০০০.০০ | ৬০০০.০০ (১০০০/- ×৬টি কোর্স) | ৭০০০.০০ (১০০০/- ×৭টি কোর্স) |
| ডিজিটাল আইডি কার্ড/প্লাস্টিক কার্ড | ২০০.০০ | ২০০.০০ | |
| একাডেমিক ক্যালেন্ডার ফি (প্রতিটি) | ৫০.০০ | ৫০.০০ | |
| রেজিস্ট্রেশন ফি (প্রতি সিমেস্টার) | ২৭৫.০০ | ২৭৫.০০ | ২৭৫.০০ |
| পরীক্ষার ফি (প্রতি সিমেস্টার) | ৩০০.০০ | ৩০০.০০ | ৩০০.০০ |
| সিমেস্টার নম্বরপত্র ফি | ১০০.০০ | ১০০.০০ | ১০০.০০ |
| চূড়ান্ত নম্বরপত্র ফি | ৪০০.০০ | - | ৪০০.০০ |
| সাময়িক সনদপত্র ফি | ৩০০.০০ | - | ৩০০.০০ |
| প্রশংসাপত্র ফি | ১০০.০০ | - | ১০০.০০ |
| | **মোট =** | **৬,৯২৫.০০** | **৮,৪৭৫.০০** |

## কোর্স ফি-এর বিনিময়ে প্রাপ্য সুবিধাবলি

- স্ব-শিখন পদ্ধতিতে লিখিত পাঠ্যপুস্তক।
- প্রতিটি কোর্সের জন্য টিউটোরিয়াল সার্ভিস সুবিধা।
- রেডিও বাংলাদেশ এবং বাংলাদেশ টেলিভিশন কর্তৃক সম্প্রচারিত কোর্সভিত্তিক পাঠ শোনা ও জানার সুবিধা।
- আঞ্চলিক বা স্থানীয় কেন্দ্রে পরামর্শ গ্রহণের সুবিধা।
- স্কুল অব এডুকেশন হতে প্রোগ্রাম বা নির্দিষ্ট কোর্স সম্বন্ধীয় একাডেমিক পরামর্শ গ্রহণের সুবিধা।
- প্রতি সিমেস্টারের পরীক্ষার নম্বরপত্র।

# অধ্যায় ২: সিমেস্টার, শিক্ষাক্রম ও কোর্সসূচি

## সিমেস্টার

এমএড প্রোগ্রামে মোট দুইটি সিমেস্টার রয়েছে। প্রতি সিমেস্টারের মেয়াদ ছয় মাস।

এমএড প্রোগ্রামের সিমেস্টারভিত্তিক কোর্স সংখ্যা ও ক্রেডিট মান নিম্নরূপ:

## কোর্সসমূহ

### প্রথম সিমেস্টার:

| কোর্স কোড | কোর্সের নাম | TMA সংখ্যা | ক্রেডিট মান | পূর্ণ নম্বর |
|---|---|---|---|---|
| EDM 1401 | শিক্ষার ঐতিহাসিক ও সমাজতাত্ত্বিক ভিত্তি (Historical and Sociological Foundation in Education) | ২ | ৪ | ১০০ |
| EDM 1402 | শিক্ষার দার্শনিক ও মনোবৈজ্ঞানিক ভিত্তি (Philosophical and Psychology Foundation in Education) | ২ | ৪ | ১০০ |
| EDM 1403 | শিক্ষাক্রম উন্নয়ন (Curriculum Development) | ২ | ৪ | ১০০ |
| EDM 1404 | বাংলাদেশের শিক্ষা (Education in Bangladesh) | ২ | ৪ | ১০০ |
| EDM 1405 | বাংলাদেশে শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা (Educational Administration and Management of Bangladesh) | ২ | ৪ | ১০০ |
| EDM 1106 | Viva Voce | - | ২ | ৫০ |

## দ্বিতীয় সিমেস্টার:

| কোর্স কোড | কোর্সের নাম | TMA সংখ্যা | ক্রেডিট মান | পূর্ণ নম্বর |
|---|---|---|---|---|
| EDM 2401 | শিক্ষা পরিকল্পনা এবং ব্যবস্থাপনা (Educational Planning and Management) | ২ | ৪ | ১০০ |
| EDM 2402 | শিক্ষা এবং উন্নয়ন (Educational and Development) | ২ | ৪ | ১০০ |
| EDM 2403 | শিক্ষায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (Information and Communication Technology in Education) | ২ | ৪ | ১০০ |
| EDM 2404 | তুলনামূলক শিক্ষা (Comparative Education) | ২ | ৪ | ১০০ |
| EDM 2405 | শিক্ষা গবেষণা (Educational Research) | ২ | ৪ | ১০০ |
| EDM 2206 | Viva Voce | - | ২ | ৫০ |
| EDM 2407 | Term Paper/Bangladesh Studies | ২ (Bangladesh Studies) | ৪ | ১০০ |

## পাঠসামগ্রী গ্রহণ

- রেজিস্ট্রেশনের সময় আঞ্চলিক কেন্দ্র হতে পাঠসামগ্রী গ্রহণ সম্পর্কিত বিস্তারিত তথ্য প্রদান করা হবে। সে অনুযায়ী পাঠসামগ্রী গ্রহণ করতে হবে।
- শিক্ষার্থী কার্ড ব্যতীত পাঠসামগ্রী সরবরাহ করা হবে না।

## TMA জমাদান

প্রতি কোর্সের জন্য নির্ধারিত সংখ্যক TMA জমা দিতে হবে। TMA সম্পর্কিত তথ্য কোর্স টিউটর-এর নিকট হতে সংগ্রহ করতে হবে। প্রস্তুতকৃত TMA যথাসময়ে টিউটরের নিকট জমা দিতে হবে।

# অধ্যায় ৩: এমএড শিক্ষা ব্যবস্থা সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য

## টিউটোরিয়াল ব্যবস্থা

- প্রতি মাসের প্রথম এবং তৃতীয় অথবা দ্বিতীয় এবং চতুর্থ শুক্রবার নির্ধারিত রুটিন অনুযায়ী নির্দিষ্ট টিউটোরিয়াল কেন্দ্রে টিউটোরিয়াল সেশন অনুষ্ঠিত হবে।
- প্রত্যেক শিক্ষার্থীর জন্য প্রতি সিমেস্টারে কমপক্ষে ৭৫% টিউটোরিয়াল সেশনে যোগদান আবশ্যক।

## TMA বা এ্যাসাইনমেন্ট কী?

উন্মুক্ত শিক্ষা ব্যবস্থায় TMA বা Tutor Marked Assignment (টিউটর কর্তৃক মূল্যায়িত নির্ধারিত কাজ) গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। একটি কোর্সবই-এর কোন একটি বিশেষ পাঠ্য বিষয়বস্তুর উপর শিক্ষার্থীদের জ্ঞানের গভীরতা যাচাই করার উদ্দেশ্যে তাঁদের কিছু সংক্ষিপ্ত মৌলিক রচনা তৈরি করতে বলা হয়। শিক্ষার্থী স্কুল অব এডুকেশন-এর সংশ্লিষ্ট পরীক্ষা কমিটি কর্তৃক সরবরাহকৃত সংকেত অবলম্বনে রচনাটি প্রস্তুত করে নির্দিষ্ট সময়ের মধ্যে কোর্স টিউটরের কাছে জমা দেন। তিনি যত্নসহকারে মূল্যায়ন করে আবার শিক্ষার্থীদের নিকট কাজের মান সম্পর্কে তথ্য সরবরাহ করেন। নম্বর ফর্দসমূহ টিউটর বাউবির পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর প্রেরণ করেন।

## মূল্যায়ন পদ্ধতি

(ক) প্রতি সিমেস্টার শেষে এমএড প্রোগ্রামের সিমেস্টারভিত্তিক পরীক্ষাসমূহ অনুষ্ঠিত হবে। স্কুলের পরামর্শক্রমে পরীক্ষা বিভাগ পরীক্ষার সময়সূচি নির্ধারণ করবেন।

(খ) বিশেষ পরিস্থিতিতে উপাচার্য পরীক্ষার তারিখ পরিবর্তন করতে পারবেন।

(গ) ২য় সিমেস্টারে যারা Term Paper নিবেন তাদেরকে এমএড পরীক্ষা কমিটি কর্তৃক প্রদত্ত/ নির্দেশিত শিক্ষা সংশ্লিষ্ট (প্রাথমিক শিক্ষা/মাধ্যমিক শিক্ষা/উচ্চ শিক্ষা/মাদ্রাসা শিক্ষা/কারিগরি শিক্ষা/উন্মুক্ত ও দূর শিক্ষা এবং শিক্ষা বিষয়ে দেশীয়/আন্তর্জাতিক এনজিওসমূহ) কোন একটি নির্দিষ্ট বিষয়ে শিক্ষামূলক টার্ম পেপার (৫০ পৃষ্ঠার নিচে নয়) তৈরি করতে হবে এবং রেফারেন্স ব্যতীত কম্পিউটার কম্পোজসহ।

(ঘ) সিমেস্টারের শুরুতে TMA-এর বিষয় জানানো হবে। প্রতিটি কোর্সের জন্য ২টি TMA জমা দিতে হবে।

(ঙ) প্রতি সিমেস্টারের জন্য নির্দিষ্ট তারিখে TMA জমা দিতে হবে।

(চ) প্রতি কোর্সের লিখিত পরীক্ষার সময়সীমা হবে ৪ ঘন্টা।

| ক্রেডিট মান | মোট নম্বর | TMA | | লিখিত পরীক্ষা | |
|---|---|---|---|---|---|
| | | TMA-1 | TMA-2 | রচনামূলক প্রশ্ন | সংক্ষিপ্ত প্রশ্ন |
| ৪ | ১০০ | ১০ | ১০ | ৫০ | ৩০ |

### (ছ) **গ্রেড পয়েন্ট এভারেজ** (GPA) **বা গড় মান নির্দেশক**

শিক্ষার্থীদের প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রতিটি কোর্সের লেটার গ্রেড ও গ্রেড পয়েন্ট নিম্নে উল্লেখিত ছকানুসারে হিসাব করা হবে।

**Grading Policy (as per UGC)**

| New Grading Policy | | |
|---|---|---|
| Range of Marks | Grade point | Letter Grade |
| 80-100 | 4.00 | A+ |
| 75-79 | 3.75 | A |
| 70-74 | 3.5 | A- |
| 65-69 | 3.25 | B+ |
| 60-64 | 3.00 | B |
| 55-59 | 2.75 | B- |
| 50-54 | 2.50 | C+ |
| 45-49 | 2.25 | C |
| 40-44 | 2.00 | D |
| Less than 40 | 0.00 | F |

শারীরিক সমস্যাযুক্ত (Physically Challanged) শিক্ষার্থীদের পরীক্ষার ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সম্ভাব্য সুযোগ-সুবিধা ব্যবহারের মাধ্যমে পরীক্ষা নেওয়া যাবে।

## পরীক্ষার বিবরণ

- যে কোন পর্যায়ের কোন এক বা একাধিক কোর্সের পরীক্ষায় অনুপস্থিত/অকৃতকার্য পরীক্ষার্থী পরিবর্তীকালে সংশ্লিষ্ট সিমেস্টারে অনুষ্ঠিতব্য পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। তবে এর জন্য নির্ধারিত সময়কালের মধ্যে প্রয়োজনীয় ফি প্রদান করতে হবে।
- কোন পরীক্ষার্থী এক সিমেস্টার সম্পূর্ণ বাদ দিয়ে পরবর্তী সিমেস্টারের কোর্সসমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।
- প্রতি সিমেস্টার শেষে ঐ সিমেস্টারের কোর্সসমূহের পরীক্ষার সময়সূচি প্রচারিত হবে।
- পরীক্ষার সময়সূচি পরীক্ষার্থীকে নিজ দায়িত্বে জেনে নিতে হবে।
- প্রোগ্রামভিত্তিক ভর্তির ক্ষেত্রে রেজিস্ট্রেশনের সময় থেকে পরবর্তী পাঁচ শিক্ষাবর্ষ সময়সীমার মধ্যে শিক্ষার্থীকে সংশ্লিষ্ট কোর্সসমূহ সম্পন্ন করতে হবে এবং ডিগ্রি অর্জন করতে হবে।
- উত্তরপত্রের ভাষা বাংলা বা ইংরেজি যে কোন একটি হতে পারে। তবে একই কোর্সের উত্তরপত্রে বাংলা ও ইংরেজি ভাষা একই সঙ্গে ব্যবহার করা যাবে না।
- পরীক্ষার সময় সকল পরীক্ষার্থীকে ছাত্র কার্ড/শিক্ষার্থী কার্ড/আইডি কার্ড সঙ্গে আনতে হবে। ছাত্র কার্ড/শিক্ষার্থী কার্ডই তার পরীক্ষার প্রবেশপত্র হিসাবে গণ্য করা হবে।

> লিখিত পরীক্ষার সময় ও নম্বর সংক্রান্ত যে কোন পরামর্শের জন্য পরীক্ষা বিভাগের সঙ্গে যোগাযোগ করবেন। টিএমএ এবং গবেষণা কাজ সংক্রান্ত পরামর্শের জন্য গাজীপুরস্থ স্কুল অব এডুকেশনের এমএড প্রোগ্রামের সমন্বয়কারীর সঙ্গে যোগাযোগ করবেন। ভর্তি ও টিউটোরিয়াল সার্ভিস সংক্রান্ত পরামর্শের জন্য সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্রে যোগাযোগ করবেন।

## বেতার ও টেলিভিশনের মাধ্যমে অনুষ্ঠান প্রচার

- এমএড প্রোগ্রামের শিক্ষাক্রমের অন্তর্ভুক্ত কোর্সসমূহের বিশেষ দিক অবলম্বনে বেতার বাংলাদেশ ঢাকা কেন্দ্র ও বাংলাদেশ টেলিভিশন থেকে বিভিন্ন কোর্সের পাঠ্য বিষয়বস্তুভিত্তিক অনুষ্ঠানসমূহ প্রচারিত হবে।

## ফল প্রকাশ

- প্রতি সিমেস্টার পরীক্ষা শেষে যথাসময়ে ফলাফল বাউবি'র ওয়েবসাইটে প্রকাশ করা হবে। পরীক্ষার কোর্সভিত্তিক ফলাফল  উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের আঞ্চলিক কেন্দ্রসমূহের নোটিশ বোর্ডে টানিয়ে দেওয়া হবে এবং সংশ্লিষ্ট স্টাডি সেন্টারসমূহে বিষয়ভিত্তিক ফলাফল পাঠিয়ে দেওয়া হবে।
- প্রত্যেক পরীক্ষার্থীর প্রতি সিমেস্টারের মার্কশীট সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্রে পাঠিয়ে দেওয়া হবে।
- প্রথম ও দ্বিতীয় এই দুইটি সিমেস্টারের সম্মিলিত ফলাফলের ভিত্তিতে গ্রেড নির্ধারিত হবে।

## ডিগ্রি প্রদান

- একজন শিক্ষার্থী প্রয়োজনীয় সমস্ত পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় তাকে এমএড ডিগ্রি প্রদান করবে।

## একাডেমিক পরামর্শ ও নির্দেশনা

- প্রয়োজনবোধে সংশ্লিষ্ট কোর্স বা বিশেষ ক্ষেত্রসমূহের সমন্বয়কারীর সঙ্গে সরাসরিভাবে, ই-মেইল, টেলিফোন মাধ্যমে বা চিঠি লিখে পরামর্শ গ্রহণ করা যাবে।
- উন্মুক্ত শিক্ষা ব্যবস্থায় শিক্ষার্থীরা নিজ নিজ কর্মক্ষেত্রে নিয়োজিত থেকে পড়াশুনা করেন। এ কারণে পাঠ ও কোর্স সংক্রান্ত পরামর্শের জন্য টিউটোরিয়াল সার্ভিস কেন্দ্র এবং বেতার ও টিভি অনুষ্ঠান ছাড়াও উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থী সহায়তা বিভাগ রয়েছে। এই বিভাগটি আঞ্চলিক কেন্দ্রসমূহের মাধ্যমে শিক্ষার্থীদের বিভিন্ন বিষয়ে পরামর্শ প্রদান করে।
- সংশ্লিষ্ট প্রোগ্রামের সঙ্গে জড়িত শিক্ষকবৃন্দের নির্দেশনায় শিক্ষার্থীর প্রশ্ন/মন্তব্য-এর উত্তর সরাসরি ডাকযোগে অথবা বেতার ও টিভির মাধ্যমে জানানো হয়।

## স্কুল অব এডুকেশন-এর সঙ্গে যোগাযোগের ঠিকানা

✉ ডাক: ডিন
স্কুল অব এডুকেশন
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
গাজীপুর- ১৭০৫।
💻 ই-মেইল: sufia@bou.edu.bd
☏ টেলিফোন: ৯২৯১১০৭
পিএবিএক্স: ৯২৯১১০১-৪, এক্স. ২৯০

# অধ্যায় ৪: বিভিন্ন ঠিকানা

## স্টাডি সেন্টারের ঠিকানা

| আঞ্চলিক কেন্দ্র | টিউটোরিয়াল সেন্টার কোড | টিউটোরিয়াল সেন্টার | ফোন নম্বর |
|---|---|---|---|
| ঢাকা | ৮১১ | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকা | ৮৬১৩৪৬৭ |
| | ৮১৪ | নায়েম, ঢাকা | ৮৬২৭১৯৯ |
| কুমিল্লা | ৬৮০ | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, কুমিল্লা | ০৮১-৭৬০৬৩ |
| চট্টগ্রাম | ৮৯০ | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, চট্টগ্রাম | ০৩১-৬১৩২১৯ |
| সিলেট | ৫৯০ | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, সিলেট | ০৮২১-৭৬০৬৩৪ |
| ময়মনসিংহ | ১৬০ | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ (পুরুষ), ময়মনসিংহ | ০৯১-৫৪১৩৭ |
| ফরিদপুর | ৬১০ | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, ফরিদপুর | ০৬৩১-৭২১৩৪৪ |
| বরিশাল | ৫৫০ | শহীদ আব্দুর রব সেরনিয়াবাত টিচার্স ট্রেনিং কলেজ, কাশীপুর, বরিশাল | ০৪৩১-২১৭৩৫২২ |
| যশোর | ৮৭০ | ডা. আব্দুর রাজ্জাক মিউনিসিপ্যাল কলেজ, যশোর | ০৪২১-৭৩২৮৩ |
| | ৮৭১ | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, যশোর | ০৪২১-৬৬৪৬১ |
| খুলনা | ৪৭০ | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা | ০৪১-৭৭৪৫৫১ |
| বগুড়া | ৮৬০ | পিটিআই, বগুড়া | ০৫১-৬১১৭৬ |
| রাজশাহী | ৩৭০ | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, রাজশাহী | ০৭২১-৭৭২১৮৮ |
| | ৩৮০ | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, পাবনা | ০৭৩১-৬৫৩২৯ |
| রংপুর | ৩০০ | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, রংপুর | ০৫২১-৬২০৪১ |

## বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের আঞ্চলিক কেন্দ্রসমূহের ঠিকানা:

| ক্রমি. নম্বর | আঞ্চলিক কেন্দ্রের ঠিকানা ও ফোন নম্বর | ক্রমি. নম্বর | আঞ্চলিক কেন্দ্রের ঠিকানা ও ফোন নম্বর |
|---|---|---|---|
| ০১ | ঢাকা আঞ্চলিক কেন্দ্র<br>৪/ক, গভমেন্ট ল্যাবরেটরি স্কুল রোড<br>ধানমন্ডি, ঢাকা- ১২০৫<br>☎ ৯৬৭৩৬৬৯ | ০৭ | বরিশাল আঞ্চলিক কেন্দ্র<br>হাউজিং এস্টেট, রূপাতলী<br>ডাকঘর- জাগুয়া<br>বরিশাল।<br>☎ ০৪৩১-২১৭৬২৮২ |
| ০২ | কুমিল্লা আঞ্চলিক কেন্দ্র<br>ঢাকা-চট্টগ্রাম ট্রাংক রোড<br>নোয়াপাড়া, দুর্গাপুর<br>কুমিল্লা।<br>☎ ০৮১-৭৭৫৫৭ | ০৮ | যশোর আঞ্চলিক কেন্দ্র<br>যশোর উপ-শহর<br>পোস্ট- উপ-শহর<br>যশোর।<br>☎ ০৪২১-৬৮৫২৬ |
| ০৩ | চট্টগ্রাম আঞ্চলিক কেন্দ্র<br>সি.আর.বি রোড<br>চট্টগ্রাম।<br>☎ ০৩১-৬১৯৬৩৩ | ০৯ | খুলনা আঞ্চলিক কেন্দ্র<br>রোশনীবাগ<br>ডাকঘর- খুলনা বিশ্ববিদ্যালয়<br>খুলনা- ৯২০৮।<br>☎ ০৪১-৭৩১৭৯৫ |
| ০৪ | সিলেট আঞ্চলিক কেন্দ্র<br>পিরিজপুর<br>দক্ষিণ সুরমা<br>সিলেট।<br>☎ ০৮২১-৭১৯৫২৩ | ১০ | বগুড়া আঞ্চলিক কেন্দ্র<br>বিশ্বরোড<br>বনানী<br>বগুড়া- ৫৮০০।<br>☎ ০৫১-৬২৭৯৪ |
| ০৫ | ময়মনসিংহ আঞ্চলিক কেন্দ্র<br>মাসকান্দা<br>ময়মনসিংহ।<br>☎ ০৯১-৬৫২৯৮ | ১১ | রাজশাহী আঞ্চলিক কেন্দ্র<br>নওহাটা<br>পবা<br>রাজশাহী।<br>☎ ০৭২১-৮০০০০৮ |
| ০৬ | ফরিদপুর আঞ্চলিক কেন্দ্র<br>হাড়োকান্দি<br>বরিশাল রোড<br>ফরিদপুর।<br>☎ ০৬৩১-৬২০৮১ | ১২ | রংপুর আঞ্চলিক কেন্দ্র<br>আর.কে. রোড<br>রংপুর।<br>☎ ০৫২১-৬৩৫৯৩ |

## অনুমোদিত ব্যাংকের শাখাসমূহের ঠিকানাঃ

| ক্রমিক নং | নাম | জেলা |
|---|---|---|
| ১. | জনতা ব্যাংক, ঢাকা কলেজ গেইট শাখা, মিরপুর রোড | ঢাকা |
| ২. | জনতা ব্যাংক, সদরঘাট শাখা, পাটুয়াটুলি | ঢাকা |
| ৩. | জনতা ব্যাংক, গুলশান শাখা | ঢাকা |
| ৪. | জনতা ব্যাংক, এলিফেন্ট রোড শাখা (বাটার মোড়) | ঢাকা |
| ৫. | জনতা ব্যাংক, শান্তিনগর শাখা | ঢাকা |
| ৬. | জনতা ব্যাংক, মিরপুর- ১ | ঢাকা |
| ৭. | জনতা ব্যাংক, গন্ধমতি শাখা, কোর্টবাড়ি | কুমিল্লা |
| ৮. | জনতা ব্যাংক, প্রধান শাখা | ফেনী |
| ৯. | জনতা ব্যাংক, প্রধান শাখা, চকবাজার | চট্টগ্রাম |
| ১০. | জনতা ব্যাংক, প্রধান শাখা | সিলেট |
| ১১. | জনতা ব্যাংক, প্রধান শাখা, দুর্গাবাড়ি রোড | ময়মনসিংহ |
| ১২. | জনতা ব্যাংক, প্রধান শাখা | ফরিদপুর |
| ১৩. | জনতা ব্যাংক, প্রধান শাখা | বরিশাল |
| ১৪. | জনতা ব্যাংক, প্রধান শাখা, মিস্ত্রীখানা রোড | যশোর |
| ১৫. | জনতা ব্যাংক, বি.আই.টি. শাখা | খুলনা |
| ১৬. | জনতা ব্যাংক, প্রধান শাখা | বগুড়া |
| ১৭. | জনতা ব্যাংক, প্রধান শাখা | রাজশাহী |
| ১৮. | জনতা ব্যাংক, প্রধান শাখা | রংপুর |

# অধ্যায় ৫: পরিচিতিমূলক তথ্য

## উন্মুক্ত শিক্ষা

বিশ শতকের শেষার্ধে প্রথাবদ্ধ শিক্ষার পাশাপাশি উন্মুক্ত শিক্ষা এক ক্রমবর্ধমান অত্যুজ্জ্বল বাস্তবতা। প্রথাবদ্ধ শিক্ষায় নিয়মের দৃঢ়বদ্ধতা, অতি প্রাতিষ্ঠানিকতার কারণে শিক্ষা আজও সকল মানুষের অর্জনযোগ্য হয়ে ওঠেনি। তাছাড়া শিক্ষা একটি উৎকৃষ্ট বিনিয়োগ হলেও শিক্ষা অর্জনের জন্য প্রথাবদ্ধ শিক্ষা প্রতিষ্ঠানে বিনিয়োগ করার মত প্রয়োজনীয় পুঁজিও সংখ্যাগরিষ্ঠ মানুষের নেই। কিন্তু শিক্ষা নামক চাহিদাটি যেহেতু মানুষের মৌলিক অধিকার হিসেবে স্বীকৃত, সেহেতু শিক্ষা মানুষের বন্ধনমুক্তি ঘটায় এবং সার্বিক পরিপূর্ণতা তরান্বিত করে। তাই শিক্ষা লাভের আকাঙ্খাটি প্রত্যেকের চেতনায় সতত বহমান। উপরিউক্ত প্রেক্ষাপটে শিক্ষাকে সকল মানুষের অর্জনযোগ্য করার প্রয়োজনে শিক্ষা গ্রহণ প্রক্রিয়াকে অধিকতর নমনীয় করে উন্মুক্ত শিক্ষা বিকাশ লাভ করেছে এবং বিশ্বের বিভিন্ন দেশে প্রতিষ্ঠিত হয়েছে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

প্রথাবদ্ধ শিক্ষা ব্যবস্থায় কিছু সীমাবদ্ধতা স্বীকৃত। যেমন:

- প্রথাবদ্ধ শিক্ষা একটানা এবং দীর্ঘ সময় ধরে অব্যাহত থাকে।
- ভর্তির ক্ষেত্রে চাহিদার তুলনায় আসন সংখ্যার অপ্রতুলতার কারণে শিক্ষাগত যোগ্যতা থাকা সত্ত্বেও অনেক শিক্ষার্থী শিক্ষা গ্রহণ করতে পারে না।
- যোগ্যতাসম্পন্ন শিক্ষকের কাছ থেকে বিশেষ কোর্সভিত্তিক শিক্ষা লাভের সুযোগ শিক্ষার্থীর থাকে না।
- অধিকাংশ ক্ষেত্রেই ক্রমবর্ধমান সামাজিক প্রয়োজনীয়তার সঙ্গে শিক্ষা প্রোগ্রামগুলোর সঙ্গতি থাকে না।
- দূর দূরান্তে অবস্থান করে অথবা পেশাজীবী ব্যক্তির পক্ষে শিক্ষা গ্রহণ সম্ভব হয় না।
- পেশাগত দক্ষতা বৃদ্ধির জন্য কর্মকালীন শিক্ষা গ্রহণের খুব একটা সুযোগ থাকে না।

প্রথাবদ্ধ শিক্ষা প্রতিষ্ঠানের উল্লিখিত সীমাবদ্ধতার কারণে উন্মুক্ত শিক্ষা গড়ে উঠেছে। উন্মুক্ত শিক্ষায় শিক্ষা গ্রহণ প্রক্রিয়ার লক্ষণীয় দিকগুলো হচ্ছে:

- পাঠ সামগ্রীগুলো 'স্ব শিখন' পদ্ধতিতে এমন স্বয়ংসম্পূর্ণভাবে প্রস্তুত করা হয় যাতে অধিকাংশ ক্ষেত্রেই শিক্ষার্থীরা নিজে নিজেই নির্দিষ্ট পাঠ বুঝে হৃদয়ঙ্গম করতে পারেন। ফলে দূরদূরান্তে বা দেশের যে কোন প্রান্তে বসে এবং পূর্ণকালীন বা খন্ডকালীন পেশায় নিয়োজিত থেকেও শিক্ষার্থী শিক্ষা সমাপন করতে পারেন।
- উন্মুক্ত শিক্ষা প্রযুক্তি নির্ভর। বিংশ শতাব্দীতে তথ্য প্রযুক্তির অভাবনীয় উন্নতির ফলে শিক্ষার্থীরা উন্মুক্ত শিক্ষা ব্যবস্থায় ঘরে বসেই শিক্ষা গ্রহণ করতে পারেন এবং প্রয়োজনে অডিও-ভিডিও ও যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট অনুষদের শিক্ষকবৃন্দের সঙ্গে যোগাযোগ রক্ষা করা সম্ভব হয়।
- এই পদ্ধতিতে সংশ্লিষ্ট শিক্ষা প্রোগ্রামের আসন সংখ্যা প্রথাবদ্ধ শিক্ষা প্রতিষ্ঠানের তুলনায় বেশি।

- তথ্য প্রযুক্তির মাধ্যমে শিক্ষার্থীরা সংশ্লিষ্ট বিষয়ে দেশের যোগ্যতা সম্পন্ন শিক্ষকদের বক্তব্য শুনে উপকৃত হতে পারেন।
- উন্মুক্ত শিক্ষা 'সবার জন্য শিক্ষা' নীতির উপর ভিত্তি করে গড়ে উঠেছে।
- উন্মুক্ত শিক্ষা ব্যবস্থায় শিক্ষার্থীর বয়সসীমা এবং প্রাক যোগ্যতা নির্ধারণী নির্বাচন ও নিয়মনীতির দৃঢ়তা শিথিল করে শিক্ষার্থী সংখ্যা বৃদ্ধি করলেও শিক্ষার গুণগতমান রক্ষিত হয়।

## বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

একটি দেশের শিক্ষিত ও দক্ষ জনশক্তির উপর সে দেশের সার্বিক উন্নতি নির্ভর করে। বর্তমান বাংলাদেশের বিপুল জনগোষ্ঠীকে জন সম্পদে রূপান্তরিত করার জন্য প্রয়োজন আধুনিক প্রযুক্তি ও বহুমুখী বাস্তবভিত্তিক শিক্ষা ব্যবস্থা। এ লক্ষ্যকে সামনে রেখেই ১৯৯২ সালের ২০ অক্টোবর সংসদীয় আইনের মাধ্যমে প্রতিষ্ঠিত হয় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়। সনাতন শিক্ষা ব্যবস্থার পাশাপাশি উন্মুক্ত শিক্ষা পদ্ধতির মাধ্যমে বৃহত্তর জনগোষ্ঠীকে শিক্ষিত করে তোলাই এই বিশ্ববিদ্যালয়ের মূল লক্ষ্য।

## স্কুল অব এডুকেশন

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় দূর শিক্ষণ পদ্ধতিতে দেশের সংখ্যাগরিষ্ঠ মানুষের শিক্ষা তথা উচ্চ শিক্ষা নিশ্চিতকরণে নিবেদিত একটি প্রতিষ্ঠান। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্কুল অব এডুকেশন বর্তমানে বিভিন্ন শিক্ষা প্রোগ্রাম পরিচালনা করছে।

বর্তমান বিশ্বে প্রায় সবদেশেই শিক্ষা একটি আলাদা শাস্ত্র হিসেবে স্বীকৃতি লাভ করেছে এবং শিক্ষা বিষয়ে গবেষণা, শিক্ষার মান উন্নয়ন ও শিক্ষকদের প্রশিক্ষণদানের লক্ষ্যে অধিকাংশ বিশ্ববিদ্যালয়ে গড়ে উঠেছে শিক্ষা বিভাগ অথবা শিক্ষা সম্পর্কিত গবেষণা প্রতিষ্ঠান। কিন্তু বাংলাদেশে এক্ষেত্রে এখনো যথেষ্ট ঘাটতি পরিলক্ষিত হচ্ছে। বাংলাদেশে শিক্ষা এখনো একটি সমৃদ্ধ ও পৃথক শাস্ত্ররূপে ব্যাপক জনপ্রিয়তা লাভ করেনি। ফলে, শিক্ষা শাস্ত্র এদেশের শিক্ষা বিষয়ক নীতিনির্ধারকদের দৃষ্টির অন্তরালেই থেকে গিয়েছে। ঢাকা ও রাজশাহী বিশ্ববিদ্যালয় ব্যতীত আর কোন বিশ্ববিদ্যালয়ে এখনো শিক্ষা বিভাগ বা শিক্ষা বিষয়ক গবেষণা চালু নেই। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে স্কুল অব এডুকেশন বা 'শিক্ষা অনুষদ' প্রতিষ্ঠা তাই নিঃসন্দেহে তাৎপর্যপূর্ণ। স্কুল অব এডুকেশন এর শিক্ষকবৃন্দ উন্মুক্ত শিখন পদ্ধতিতে বর্তমানে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষকদের প্রশিক্ষণ দানে যেমন অত্যন্ত কার্যকরী ভূমিকা পালন করে যাচ্ছেন, তেমনি ভবিষ্যতে শিক্ষা বিষয়ক উচ্চতর গবেষণা পরিচালনা করতেও বদ্ধ পরিকর। স্কুল অব এডুকেশন পরিচালিত আনুষ্ঠানিক শিক্ষা প্রোগ্রামগুলো হচ্ছে।

♦ পিএইচ.ডি ♦ এম.ফিল ♦ বিএড ♦ এমএড